# প্রচারাভিযান নির্দেশিকা 2022

অনেক অনেক কারণ

৬ অক্টোবর

বিশ্ব সেরিব্রাল পোলজি দিবস



# বিষয়সূচি


বিশ্ব সেরিব্রাল পোলজি দিবস সম্পর্কে 3

এ বছরের প্রচারাভিযান 4

কিভাবে শুরু করবেন 7

বার্তার উদাহরণ 8

সম্পৃক্ততার ধারণা 15

মিডিয়ায় গুরুত্ব পাওয়ার জন্য পরামর্শ 19

উপকরণের তালিকা 20

যোগাযোগ 21

# বিশ্ব সেরিব্রাল পোলজি দিবস সম্পর্কে

6 অক্টোবর বিশ্ব সেরিব্রাল পোলজি দিবস 100 টিরও বেশি দেশে সেরিব্রাল পোলজি আক্রান্ত ব্যক্তি, তাদের পরিবার, সহযোগী, সমর্থক এবং সংস্থাকে একত্রিত করে। সবার উদ্দেশ্য সেরিব্রাল পোলজিতে আক্রান্ত শিশু এবং প্রাপ্তবয়স্কদের জন্য আমাদের সমাজের অন্যদের মতো একই অধিকার, অ্যাক্সেস এবং সুযোগ সম্বলিত ভবিষ্যৎ নিশ্চিত করা।



# এ বছরের প্রচারাভিযান

এই বিশ্ব সেরিব্রাল পোলজি দিবসে আমরা অ্যাক্সেসযোগ্য প্রযুক্তির পরবর্তী অগ্রগতির সন্ধানে রয়েছি এবং সৃজনশীল ধারণা এবং নিজ অভিজ্ঞতাসহ লক্ষ লক্ষ ব্যক্তি সমন্বয়ে গঠিত সেরিব্রাল পোলজি কমিউনিটির চেয়ে ভালোভাবে আমাদেরকে সহায়তা করার মতো আর কেউ নেই।

আমরা সেরিব্রাল পোলজিতে আক্রান্ত সমস্ত ব্যক্তি, আপনার বন্ধু, পরিবার, সমর্থকদেরকে আপনার উদ্যমশীল ও অ্যাক্সেসযোগ্য প্রযুক্তির ধারণা শেয়ার করার আহ্বান জানাচ্ছি। জমাকৃত প্রতিটি ধারণার জন্য রয়েছে $5,000 (USD) জিতে নেওয়ার সুযোগ।

**আপনার ধারণা গবেষণা এবং প্রযুক্তির সঙ্গে যুক্ত কমিউনিটিসমূহকে আরও ভালো এবং অ্যাক্সেসযোগ্য প্রযুক্তি ভিত্তিক সমাধান ডিজাইন করার ক্ষেত্রে অনুপ্রাণিত করতে সহায়তা করবে।**

**আরও তথ্যের জন্য এখানে প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী পড়ুন।**

## কেন এই বিষয়বস্তু?

সারা বিশ্বে 1 বিলিয়নেরও বেশি প্রতিবন্ধিত্ব সম্পন্ন ব্যক্তি রয়েছে। তা সত্ত্বেও আমরা এখনো এমন এক বিশ্বে বিচরণ করছি যেটাকে অ্যাক্সেসযোগ্য করার করে গড়ে তোলা হয়নি, যেখানে পণ্যের ডিজাইনার এবং প্রযুক্তি শিল্প প্রায়শই প্রতিবন্ধিত্ব সম্পন্ন ব্যক্তিদের অনন্য চাহিদাকে উপেক্ষা করে।

# তাহলে কিভাবে এটি কাজ করে?

**1** বৃহস্পতিবার 29 সেপ্টেম্বর 2022 (UTC সকাল 6 টা)-এর মধ্যে **ideas.worldcpday.org**-এ আপনার অ্যাক্সেসযোগ্য প্রযুক্তির ধারণা সম্বলিত সমাধান জমা দিন।

**2** ideas.worldcpday.org-এ আপনার কাছে পছন্দের ধারণার পক্ষে ভোট দিন। বৃহস্পতিবার 29 সেপ্টেম্বর 2022 (UTC সকাল 6 টা) তারিখে ভোট গ্রহণ শুরু এবং বৃহস্পতিবার 6 অক্টোবর 2022 (UTC রাত 11 টা) তারিখে তা শেষ হবে।

**3** বিচারক প্যানেল এসব ধারণার (আপনার ভোট প্রাপ্ত) সংক্ষিপ্ত তালিকা পর্যালোচনা করে প্রয়োজন, প্রভাব, নাগাল ও বিপণন যোগ্যতার ভিত্তিতে 1 টি ধারণা নির্বাচন করবে এবং বিজয়ী নগদ $5,000 (USD) পুরস্কার অর্জন করবেন।

**4** 14 অক্টোবর 2022-এর মধ্যে ফেসবুক এবং ইনস্টাগ্রাম-এর মাধ্যমে .বিজয়ীর নাম ঘোষণা করা হবে। বিজয়ীর সাথে ইমেইলের মাধ্যমে যোগাযোগ করা হবে।

আরও তথ্যের জন্য আমাদের **শর্তাবলী** পড়ুন।

# আমরা কোন ধরনের ধারণা অনুসন্ধান করছি?

যেকোনো প্রযুক্তির জন্য উদ্ভাবনী ধারণা যা প্রতিবন্ধিত্ব সম্পন্ন ব্যক্তিদের জন্য গতিশীলতা, যোগাযোগ, কাজের ভবিষ্যত, অন্তর্ভুক্তিমূলক ভূমিকা, অ্যাক্সেসযোগ্য বাড়ি এবং কমিউনিটির উন্নয়নের ক্ষেত্রে সহায়তা করতে পারে। এটি হতে পারে কোনো পণ্য, অ্যাপ বা সফ্টওয়্যার।

ধারণা আসল হতে হবে, তাই আপনার অনুগামীদেরকে তাদের ধারণা জমা দেয়ার আগে এটা নিশ্চিত করতে কিছুটা গবেষণা করতে উৎসাহিত করবেন যে তা ইতোমধ্যেই বিদ্যমান নেই।

বিচারক প্যানেল প্রয়োজন, প্রভাব, নাগাল এবং বিপণন যোগ্যতার উপর ভিত্তি করে এসব ধারণা মূল্যায়ন করবে।

আরও তথ্যের জন্য এখানে প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী দেখুন।



# কিভাবে আপনার প্রচারাভিযান শুরু করবেন

প্রচারাভিযানের বিষয়ে হালনাগাদ থাকতে আমাদেরকে অনুসরণ করুন

ফেসবুক, টুইটার এবং ইনস্টাগ্রামে **@worldcpday**-এ আমরা রয়েছি। আমরা আপনাকে আমাদের পোস্টগুলো শেয়ার এবং আমাদের কনটেন্ট পুনরায় ব্যবহার করতে উৎসাহিত করছি।

**পৃষ্ঠা 9 - 14**-এ প্রদত্ত নমুনার ভিত্তিতে আপনার প্রচারাভিযানের বার্তা তৈরি করুন।

সোশ্যাল মিডিয়াতে পোস্ট করুন এবং **#MillionsOfReasons** ও **#WorldCPday** ব্যবহার করতে ভুলবেন না

**worldcpday.org/resources**-এর পৃষ্ঠা 20-এ তালিকাভুক্ত উপকরণসমূহ ডাউনলোড করুন

# প্রচারাভিযানের বার্তা

**#MillionsOfReasons** প্রচারাভিযানে রয়েছে 5 টি মূল বার্তা:

**1.**

আপনার অনুগামীদেরকে প্রচারাভিযানের সাথে পরিচয় করিয়ে দিন

**2.**

আপনার অনুগামীদেরকে 29 সেপ্টেম্বরের মধ্যে তাদের ধারণা জমা দেয়ার আহ্বান জানান

**3.**

6 অক্টোবরের মধ্যে আপনার অনুগামীদেরকে ধারণার পক্ষে ভোটদানে উৎসাহিত করুন

**4.**

**অ্যাক্সেসযোগ্য প্রযুক্তির প্রয়োজনীয়তার বিষয়ে আপনার অনুগামীদেরকে জ্ঞান দান করুন**

**5.**

**উদ্ভাবনী প্রযুক্তির উদাহরণের মাধ্যমে আপনার অনুগামীদেরকে অনুপ্রাণিত করুন**

আপনি নিম্নলিখিত পৃষ্ঠাগুলোতে সোশ্যাল মিডিয়ার জন্য নমুনা পোস্ট-এর বিবরণ দেখতে পারেন।

**@WorldCPday** আপনার পোস্টগুলোতে আমাদের ট্যাগ করতে ভুলবেন না এবং **#MillionsOfReasons** ও **#WorldCPDay** হ্যাশট্যাগ ব্যবহার করুন

# আপনার অনুগামীদেরকে প্রচারাভিযানের সাথে পরিচয় করিয়ে দিন





সেরিব্রাল পোলজি কমিউনিটি লক্ষ লক্ষ ব্যক্তি সমন্বয়ে গঠিত যাদের সৃজনশীল ধারণা এবং নিজ অভিজ্ঞতা রয়েছে। এই বিশ্ব সেরিব্রাল পোলজি দিবসে আরও ভালো, অধিক অ্যাক্সেসযোগ্য প্রযুক্তি ভিত্তিক সমাধান তৈরির ক্ষেত্রে সহায়তা করার পিছনে সেটাই অনেক অনেক কারণ।

$5,000 (USD) জিতে নেওয়ার সুযোগের জন্য ideas.worldcpday.org-এ আপনার সবচেয়ে উদ্ভাবনী প্রযুক্তির ধারণা যোগ করুন।

#MillionsOfReasons #WorldCPDay

# আপনার অনুগামীদেরকে ২৯ সেপ্টেম্বরের মধ্যে তাদের ধারণা জমা দেয়ার আহ্বান জানান








আপনার ধারণা জমা দিয়ে অ্যাক্সেসযোগ্য প্রযুক্তির পরবর্তী অগ্রগতির সন্ধান পেতে আমাদেরকে সহায়তা করে আপনি জিতে নিতে পারেন $5,000 (USD)! আমরা সেরিব্রাল পোলজি কমিউনিটিকে আপনার সৃজনশীল ধারণা এবং অভিজ্ঞতা শেয়ার করার আহ্বান জানাচ্ছি।


ideas.worldcpday.org-এ গিয়ে বিভিন্ন ধারণা দেখুন এবং আপনার নিজেরটি যোগ করুন!

#MillionsOfReasons #WorldCPDay


# আপনার অনুগামীদেরকে 29 সেপ্টেম্বরের মধ্যে তাদের ধারণা জমা দেয়ার আহ্বান জানান



# ৫ অক্টোবরের মধ্যে আপনার অনুগামীদেরকে ধারণার পক্ষে ভোটদানে উৎসাহিত করুন



# ৬ অক্টোবরের মধ্যে আপনার অনুগামীদেরকে ধারণার পক্ষে ভোটদানে উৎসাহিত করুন





ক্যারুজেল পোস্ট

সেরিব্রাল পোলজি এবং অন্যান্য প্রতিবন্ধিত্ব সম্পন্ন অনেক ব্যক্তির জন্য প্রযুক্তি পরিবর্তন সূচিত করতে পারে। প্রযুক্তির আরও উদাহরণ আমাদের দেখতে হবে, যা প্রতিবন্ধিত্ব সম্পন্ন এবং প্রতিবন্ধিত্বহীন ব্যক্তিদের দ্বারা সর্বজনীনভাবে অ্যাক্সেসযোগ্য। আপনার নিজের অ্যাক্সেসযোগ্য প্রযুক্তির ধারণা যোগ করে $5,000 (USD) জিতে নেওয়ার সুযোগের জন্য ideas.worldcpday.org-এ যান!

#MillionsOfReason #WorldCPday

# উদ্ভাবনী প্রযুক্তির উদাহরণের মাধ্যমে আপনার অনুগামীদের অনুপ্রাণিত করুন




আপনি কি Wayband অ্যাপ এবং wristband-এর কথা শুনেছেন? এটি কেবল কম্পন ব্যবহার করে ব্যবহারকারীদেরকে তাদের গন্তব্যে নিয়ে যায়। এটি চোখ, কান এবং হাতের ব্যবহার ছাড়াই নেভিগেশন-এর অভিজ্ঞতা দান করে। প্রযুক্তিগত উদ্ভাবন কিভাবে প্রতিবন্ধিত্ব সম্পন্ন ব্যক্তিদের জীবন পরিবর্তন করতে পারে এটি তার একটি উদাহরণ মাত্র! আপনার সবচেয়ে উদ্ভাবনীমূলক প্রযুক্তির ধারণা যোগ করে $5,000 (USD) জিতে নেওয়ার সুযোগের জন্য ideas.worldcpday.org-এ যান


#MillionsOfReasons #WorldCPDay

# আপনার দর্শক-শ্রোতাদের সম্পৃক্ত করার ধারণা




সরাসরি বা ভার্চুয়াল ওয়ার্কশপ

কমিউনিটির সাথে ধারণা সৃষ্টি করুন।



পিচ ইভেন্ট

নতুন অ্যাক্সেসযোগ্য প্রযুক্তির ধারণা শেয়ার করুন।



ভোটের দিনের ইভেন্টসমূহ

প্রচারাভিযানে জমাকৃত ধারণার পক্ষে ভোট দিন।



# লক্ষ লক্ষ ধারণার বিষয়ে ওয়ার্কশপ

বিশ্ব সেরিব্রাল পোলজি দিবসের আগে কমিউনিটিকে একটি কর্মশালায় একত্রিত হয়ে ধারণা তৈরি করার আহ্বান জানান। এটি ভার্চুয়াল উপায়ে বা সরাসরি করা যেতে পারে।

আপনার ওয়ার্কশপে মানুষকে তাদের সম্ভাব্য সেরা এবং উজ্জ্বলতম ধারণা নিয়ে আসতে সহায়ক কার্যকলাপ থাকা উচিত। এখানে আমাদের ওয়েবসাইটে এমন সব উপকরণ রয়েছে যা চিন্তার খোরাক যোগাতে পারে।




# পিচ

কোনো সরাসরি-ইন পার্সন ইভেন্ট যেখানে CP কমিউনিটির অংশগ্রহণকারীরা তাদের নতুন অ্যাক্সেসযোগ্য প্রযুক্তির ধারণা ব্যক্ত করতে পারেন।

আমাদের কাছে প্রভাবশালী CP সদস্যদের একটি প্যানেল রয়েছে যারা ধারণা সম্পর্কে এবং কিভাবে তারা এটিকে জীবনে কাজে লাগতে দেখেছেন সে সম্পর্কে কথা বলেন!

ইভেন্ট শেষ করার লক্ষ্যে দর্শক-শ্রোতাদের ভোটদান করার আহ্বান জানানো হয়!

এটি সরাসরি বা ভার্চুয়াল ইভেন্ট হিসাবে ঘটতে পারে।



# ভোটের দিনের ইভেন্ট

বিশ্ব সেরিব্রাল পোলজি দিবসে কমিউনিটিকে তাদের পছন্দের ধারণার পক্ষে ভোটদানের জন্য সমবেত করুন।

মানুষ যাতে আইপ্যাড ব্যবহার করে তাদের ভোট দিতে পারে আপনি এমন ভোট কেন্দ্র স্থাপন করতে এবং ধারণা জমা দানকারীদেরকে বক্তৃতা দেয়ার আহ্বান জানাতে পারেন।


আপনি এটি অনলাইনে সক্রিয় করতে চাইলে - জরুরি বোধ তৈরি করতে এবং মানুষকে ওয়েবসাইটের মাধ্যমে ভোটদানে উৎসাহিত করতে প্রদত্ত সোশ্যাল মিডিয়া গ্রাফিক্স ব্যবহার করুন৷

# মিডিয়া কাভারেজ লাভের জন্য পরামর্শ

প্রচারাভিযান কাভার করার জন্য প্রচলিত মিডিয়া আউটলেট প্রাপ্তি আপনার আওতা বিস্তৃত করতে সহায়তা করবে।

প্রথমে আমরা আপনাকে আপনার এলাকায় কর্মরত এমন সাংবাদিকদের শনাক্ত করার পরামর্শ দিচ্ছি যারা অতীতে সেরিব্রাল পোলজি সম্পর্কে রিপোর্ট করেছেন --এর অর্থ হতে পারে তারা আবার এ বিষয়ে রিপোর্ট করতে আগ্রহী।

এরপরে প্রচারাভিযানের বিষয়ে তাদেরকে অবহিত করার লক্ষ্যে প্রদত্ত মিডিয়া রিলিজ টেমপ্লেটটি ব্যবহার করবেন। আমরা আপনাকে আপনার স্থানীয় প্রেক্ষাপট, অভীষ্ট প্রকাশনা এবং উদ্দিষ্ট জনগোষ্ঠীর কাছে আরও প্রাসঙ্গিক করার লক্ষ্যে মিডিয়া রিলিজটিকে কাস্টমাইজ করতে উৎসাহিত করছি।



# উপকরণ

আমাদের কাছে আপনার বিশ্ব সেরিব্রাল পোলজি দিবসের প্রচারাভিযানের পরিকল্পনায় ব্যবহার উপযোগী এক সেট উপকরণ রয়েছে। নিচে উল্লিখিত করা এসব উপকরণ ডাউনলোড করতে worldcpday.org/resources-এ যান। আমাদের বার্তা ছড়িয়ে দেয়ার বিষয়টি নিশ্চিত করতে এগুলোর প্রতিটি 16 টি ভাষায় অনুবাদ করা হবে।

- অনেক অনেক কারণ-এর লোগো
- 2 x পোস্টার
- 8 x ইনস্টাগ্রাম অথবা ফেসবুক-এর জন্য সোশ্যাল টাইল
- 1 x ফেসবুক হেডার
- মিডিয়া রিলিজ টেমপ্লেট
- শিক্ষামূলক সামগ্রী যাতে রয়েছে:
  1. সেরিব্রাল পোলজি ইনফোগ্রাফিক কী
  2. সেরিব্রাল পোলজি স্লাইড শো কী
  3. রোগ নির্ণয় ও চিকিৎসা বিষয়ক পোস্টার
  4. আমার প্রিয় শব্দ সম্বলিত পোস্টার



# আমাদের সাথে যোগাযোগ করুন

কিভাবে আপনার প্রচারাভিযান সক্রিয় করবেন সে সম্পর্কে পরামর্শ সম্বলিত কোনো নির্দেশিকা প্রয়োজন হলে অনুগ্রহ করে **contact@worldcpday.org**-এর মাধ্যমে যোগাযোগ করবেন